

## ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭৬৫

৩৪/ রাষ্ট্রক্ষমতা ও প্রশাসন (كتاب الإمارة)

পরিচ্ছেদঃ ৪১. শহীদদের জন্য জান্নাত অবধারিত হওয়ার প্রমান

باب ثُبُوتِ الْجَنَّةِ لِلشَّهِيدِ

## আরবী

وَحَدَّثَنِي مُحَمَّدُ بُنُ حَاتِمٍ، حَدَّثَنَا بَهْزٌ، حَدَّثَنَا سُلَيْمَانُ بُنُ الْمُغِيرَةِ، عَنْ ثَابِتِ، قَالَ قَالَ قَالَ وَسَلّمَ بَدُرًا \_ قَالَ \_ فَشَقَّ عَلَيْهِ قَالَ أَوَّلُ مَشْهَد شَهِد هُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم غُيِّبْتُ عَنْهُ وَإِنْ أَرَانِيَ اللَّهُ مَشْهَدًا فِيمَا بَعْدُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم لَيَرَانِيَ اللَّهُ مَا أَصْنَعُ \_ قَالَ اللَّهُ مَشْهَدًا فِيمَا بَعْدُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم لَيَرَانِيَ اللَّهُ مَا أَصْنَعُ \_ قَالَ \_ فَهَابَ أَنْ يَقُولَ غَيْرَهَا \_ قَالَ \_ فَشَهِدَ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ أُحُدٍ \_ قَالَ \_ فَهَابَ أَنْ يَقُولَ غَيْرَهَا \_ قَالَ \_ فَقَالَ لَهُ أَنسٌ يَا أَبًا عَمْرٍ وَ أَيْنَ فَقَالَ وَاهًا لِرِيحِ الْجَنَّةِ وَلَا عَنْهُ وَقُولَ غَيْرَهَا \_ قَالَ \_ فَقَالَ لَهُ أَنسٌ يَا أَبًا عَمْرٍ وَ أَيْنَ فَقَالَ وَاهًا لِرِيحِ الْجَنَّةِ وَلَا عَنْهُ وَقَالَ وَاهًا لِرِيحِ الْجَنَّةِ وَلَى مَعْدُولَ أَنُونَ وَمَانُونَ أَجُدُهُ دُونَ أُحُد \_ قَالَ \_ فَقَالَهُمْ حَتَّى قُتِلَ \_ قَالَ \_ فَوْجِدَ فِي جَسَدهِ بِضَعٌ وَتُمَانُونَ مَنْ بُيْنِ ضَرْبَةٍ وَطَعْنَةٍ وَرَمْيَةٍ \_ قَالَ \_ فَقَالَتُهُمْ حَتَّى قُتِلَ \_ قَالَ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُمْ مَنْ عَرَبُهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلاً) قَالَ فَكَانُوا يُرَوْنَ أَنَّهَا نَزَلَتْ فِيهِ وَفِي قَصَى نَحْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلاً قَالَ فَكَانُوا يُرَوْنَ أَنَّهَا نَزَلَتْ فِيهِ وَفِي أَصَى اللهِ عَلَيْهِ وَفِي

## বাংলা

৪৭৬৫। মুহাম্মাদ ইবনু হাতিম (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরে যে চাচার নামানুসারে আমার নামকরণ করা হয়েছে তিনি [আনাস ইবন নাযর (রাঃ)] রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বদরের যুদ্ধে শরীক হতে পারেননি। রাবী বলেন, এটা ছিল তার জন্যে অত্যন্ত বেদনাদায়ক। তিনি (প্রায়ই) বলতেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম যে যুদ্ধিটি করেছিলেন, তাতে আমি শরীক হতে পারলাম না। এরপর যদি আল্লাহ তা'আলা আমাকে তাঁর কোন যুদ্ধ প্রত্যক্ষ করার সুযোগ দান করেন তা হলে আমি কি করি তা আল্লাহ দেখবেন। রাবী বলেন, এর বেশী কিছু বলতে তিনি ভয় পেলেন।



তারপর উহুদের যুদ্ধের দিন তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে যুদ্ধে অংশ গ্রহণ করেন। সা'দ ইবনু মু'আয (রাঃ) যখন সামনের দিক থেকে আগমন করলেন তখন আনাস (রাঃ) তাকে লক্ষ্য করে বললেনঃ, হে আবূ আমর! কোথায় (যাচ্ছ)? আহা, আমি উহুদ প্রান্ত থেকেজান্নাতের ঘ্রাণ পাচ্ছি। রাবী বলেন, তারপর তিনি তাদের (কাফিদের) বিরুদ্ধে যুদ্ধে অবতীণ হলেন এমন কি শেষ পর্যন্ত শহীদ হয়ে গেলেন। তার শবদেহে আশিটিরও অধিক তরবারী, বর্শা ও তীরের আঘাত পাওয়া যায়।

রাবী আনাস (রাঃ) বলেন, তার বোন এবং আমার ফুফু রাবীআ বিনত নযর (রাঃ) বলেন, (শহীদের ক্ষত-বিক্ষত দেহের) কেবল তার আঙ্গুলের জোড়া দেখেই তাকে আমি সনাক্ত করেছি। (অন্য কোন পরিচয়ই অবশিষ্ট ছিল না।) তখন আয়াত নাযিল হলোঃ এরা হচ্ছে সে সব ব্যক্তি, যারা আল্লাহর সাথে কৃত অঙ্গীকার সত্যায়ন করে দেখিয়েছে। তাদের কেউ তার (অঙ্গীকারকারী) ইতিমধ্যেই পূরণ করে ফেলেছে আর কেউ তার প্রতীক্ষায় রয়েছে। তারা মোটেই পরিবর্তিত হয়নি। রাবী বলেন, সাহাবীগণ মনে করতেন যে এ আয়াতখানা তার এবং তার সঙ্গী-সাথীদের ব্যাপারেই নাযিল হয়েছিল।

## **English**

It has been Deported on the authority of Anas who said:

My uncle and I have been named after him was not present with the Messenger of Allah (mav peace be upon him) on the Day of Badr. He felt distressed about it. He would say: I have missed the first battle fought by the Messenger of Allah (ﷺ), and if God now gives me an opportunity to see a battlefield with the Messenger of Allah (ﷺ), God will see what I do therein. He was afraid to say more than this (lest he be unable to keep his word with God). He was present with the Messenger of Allah (繼) on the Day of Uhud. He met Sa'd b. Mu'adh (who was retreating). Anas said to him: O Abu 'Amr, where (are you going)? Woe (to thee)! I find the smell of Paradise beside the Uhud mountain. (Reprimanding Sa'd in these words) he went forward and fought their (the enemy) until he was killed. (The narrator says). More than eighty wounds inflicted with swords, spears and arrows were found on his body. His sister, my aunt, ar-Rubayyi', daughter of Nadr, said: I could not recognise my brother's body (it was so badly mutilated) except from his finger-tips. (It was on this occasion that) the Qur'anic verse:" Among the Believers are men who have been true to their covenant with God. Of them some have completed their vow (to the extreme), and some still wait: but they have never changed (their determination) in the least" (xxxiii. 23). The narrator said that the verse had been revealed about him (Anas b. Nadr) and his Companions.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন